

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রজ্ঞাপন

ঢাকা, ০৩ অগ্রহায়ণ, ১৪৩১/১৮ নভেম্বর, ২০২৪

এস.আর.ও. নম্বর ৩৯২-আইন/২০২৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্বাস্থ্যসেবাকে জনমুখী, সহজলভ্য ও সার্বজনীন করিতে প্রয়োজনীয় সংস্কার প্রস্তাব করিবার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে 'স্বাস্থ্যখাত সংস্কার কমিশন' নামে নিম্নরূপ কমিশন গঠন করিল:

(ক) স্বাস্থ্যখাত সংস্কার কমিশন

- | | |
|---|----------------|
| ১) প্রফেসর এ কে আজাদ খান, সভাপতি, ডায়াবেটিক সমিতি | - কমিশন প্রধান |
| ২) প্রফেসর ডা. মোহাম্মদ জাকির হোসেন
জনস্বাস্থ্য ও স্বাস্থ্য ইনফরমেটিক অধিদপ্তর, বিএসএমএমইউ | - সদস্য |
| ৩) প্রফেসর লিয়াকত আলী, চেয়ারম্যান, পথিকৃৎ ফাউন্ডেশন | - সদস্য |
| ৪) প্রফেসর ডা. সায়েবা আক্তার, গাইনোকলজিস্ট | - সদস্য |
| ৫) প্রফেসর ডা. নায়লা জামান খান, শিশু স্নায়ুতন্ত্র বিভাগ | - সদস্য |
| ৬) জনাব এম এম রেজা, সাবেক সচিব | - সদস্য |
| ৭) প্রফেসর ডা. মোজাহেরুল হক
সাবেক আঞ্চলিক উপদেষ্টা (দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চল), বিশ্ব স্বাস্থ্য সংস্থা | - সদস্য |

(২৮৩৫১)

মূল্য : টাকা ৪.০০

- ৮) ডা. আজহারুল ইসলাম, আইসিডিডিআর,বি - সদস্য
- ৯) প্রফেসর ডা. সৈয়দ মো: আকরাম হোসেন - সদস্য
স্কয়ার ক্যাম্পার সেন্টার, স্কয়ার হাসপাতাল
- ১০) প্রফেসর ডা. সৈয়দ আতিকুল হক - সদস্য
চীফ কনসালটেন্ট, গ্রীন লাইফ সেন্টার ফর রিউম্যাটিক কেয়ার এন্ড রিসার্চ
- ১১) ডা. আহমেদ এহসানুর রাহমান - সদস্য
বিজ্ঞানী, শিশু ও মাতৃস্বাস্থ্য বিভাগ, আইসিডিডিআর,বি
- ১২) জনাব উমায়ের আফিফ, ৫ম বর্ষ, ঢাকা মেডিকেল কলেজ - সদস্য।
- (খ) কমিশন অবিলম্বে উহার কার্যক্রম শুরু করিবে এবং সংশ্লিষ্ট সকল মতামত বিবেচনা করিয়া পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে প্রস্তুতকৃত প্রতিবেদন অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার নিকট হস্তান্তর করিবে;
- (গ) কমিশনের কার্যালয় সরকার কর্তৃক নির্ধারিত হইবে;
- (ঘ) কমিশনের প্রধান ও সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত সরকারি পদমর্যাদা, বেতন/সম্মানি ও সুযোগ-সুবিধা পাইবেন; তবে শর্ত থাকে যে, কমিশন প্রধান বা কোন সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন;
- (ঙ) প্রজাতন্ত্রের সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কমিশনের চাহিদানুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহসহ সকল ধরনের সহযোগিতা প্রদান করিবে;
- (চ) কমিশন প্রয়োজনে উপযুক্ত ব্যক্তিকে কমিশনের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে; এবং
- (ছ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব